

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

[ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক ]

প্রজ্ঞাপন

তারিখ: ১৩ জ্যৈষ্ঠ, ১৪৩২ বঙাব্দ / ২৭ মে, ২০২৫ খ্রিষ্টাব্দ।

এস.আর.ও. নং-১৭০-আইন/২০২৫/২৯৮-মুসক।— সরকার, মূল্য সংযোজন কর  
ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা  
(১) এ প্রদত্ত ক্ষমতাবলে, ১ জুন, ২০২২ খ্রিষ্টাব্দে জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১৬৫-  
আইন/২০২২/১৭৮-মুসক এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:-

উপরিউক্ত প্রজ্ঞাপনের—

- (ক) ক্ষমতাপ্রদান অংশে উল্লিখিত “Customs Act, 1969 (Act No. IV of 1969)” এর পরিবর্তে “কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন)” এবং “শিরনামা সংখ্যা (Heading No.) 87.03 এর বিপরীতে কলাম (2) এ উল্লিখিত সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) 8703.21.31, 8703.22.21, 8703.23.21, 8703.23.41, 8703.23.61, 8703.31.21, 8703.31.41, 8703.32.21, 8703.32.41 ও 8703.32.61 এর বিপরীতে কলাম (3) এ বর্ণিত ২৫০০ সিসি পর্যন্ত মোটরকার ও মোটর ভেহিক্যালকে,” এন্টিসমূহের পরিবর্তে “শিরনামা সংখ্যা (Heading No.) 87.03 এর বিপরীতে কলাম (2) এ উল্লিখিত সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) 8703.21.31, 8703.22.14, 8703.22.21, 8703.22.24, 8703.23.21, 8703.23.24, 8703.23.41, 8703.23.44, 8703.23.61, 8703.23.63, 8703.31.21, 8703.31.41, 8703.31.44, 8703.32.21, 8703.32.24, 8703.32.41, 8703.32.44, 8703.32.61, 8703.32.64, 8703.60.11, 8703.60.15, 8703.60.21, 8703.60.25, 8703.60.31, 8703.60.35, 8703.70.11, 8703.70.15, 8703.70.21, 8703.70.25, 8703.70.31 8703.70.35 ও 8703.80.00 এর বিপরীতে কলাম (3) এ বর্ণিত ২৫০০ সিসি পর্যন্ত মোটরকার, মোটর ভেহিক্যাল, হাইব্রিড গাড়ি, সাধারণ ও আইসিইউ (ICU) অ্যাম্বুলেন্স এবং ৭০ থেকে ৩০০ KW পর্যন্ত ফোর হইলার সাধারণ ও আইসিইউ (ICU) অ্যাম্বুলেন্সসহ অন্যান্য ইলেকট্রিক ভেহিক্যালকে” এন্টিসমূহ প্রতিস্থাপিত হইবে;

(খ) অনুচ্ছেদ-১ এর-

(অ) দফা (খ) বিলুপ্ত হইবে;

(আ) টেবিল-১ এর দফা (জ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (জ) প্রতিস্থাপিত হইবে, যথা:-

“(জ) পরিবেশ বাস্ক গাড়ী উৎপাদনের লক্ষ্যে ন্যূনতম Euro 4 emission Standard অনুসরণ করিতে হইবে এবং সে লক্ষ্যে ব্র্যান্ড ম্যানুফ্যাকচারার এর প্রত্যয়ন থাকিতে হইবে, তবে, ইলেকট্রিক ভেহিক্যাল এর ক্ষেত্রে এই বিধান প্রযোজ্য হইবে না;”;

(ই) টেবিল-১ এর দফা (ঝ) এর প্রান্তস্থিত “।” চিহ্নের পরিবর্তে “;” প্রতিস্থাপিত হইবে এবং অতঃপর নিম্নরূপ নৃতন দফা সংযোজিত হইবে, যথা:-

“(ঝ) মোটর গাড়ী ও মোটর ভেহিক্যাল এর Frame, Suspension, Steering Powertrain সহ গাড়ীর চেসিস তৈরি করিতে হইবে;

(ট) ইলেকট্রিক ভেহিক্যাল এর ক্ষেত্রে Electric Motor, DC-DC Converter, Vehicle Control Unit, Onboard Charger/External Portable Charger, Instrument Cluster, Inverter, Power Electronic Controller, Cooling System, Electric Transmission System, Regenerative Breaking System, Battery Control System, HV (High Voltage) Wiring & Junction Boxes উৎপাদন করিতে হইবে;

(ঠ) ইলেকট্রিক ভেহিক্যাল ও হাইব্রিড গাড়ীর ক্ষেত্রে ব্যাটারির Battery Cells, Modules, Battery Pack, Cathode, Anode, Electrolyte, Separator, Charging System, Battery Management System (BMS) উৎপাদন করিতে হইবে;

(ড) ইলেকট্রিক ভেহিক্যাল এর ক্ষেত্রে অভ্যন্তরীণ সিস্টেম ও সফটওয়্যার, যথা: ড্যাশবোর্ড ও

ইনফোটেইনমেন্ট সিস্টেম, Vehicle Control Unit (VCU), HVAC (Heating, Ventilation, and Air Conditioning), সেপ্টর ও সেফটি সিস্টেম তৈরি করিতে হইবে;

- (ঢ) উৎপাদনকারী প্রতিষ্ঠানের অনুকূলে পরিবেশ অধিদপ্তর কর্তৃক প্রদত্ত ছাড়পত্র থাকিতে হইবে;
- (ণ) উৎপাদনকারী প্রতিষ্ঠানের আইএসও সনদ (ISO Certification) থাকিতে হইবে; এবং
- (ঙ) পরিবেশ মন্ত্রণালয় কর্তৃক সময়ে সময়ে জারীকৃত প্রজ্ঞাপন বা নীতিমালা অনুসরণপূর্বক Battery Disposal করিবার নিমিত্তে ইলেকট্রিক ভেহিক্যাল উৎপাদনকারী প্রতিষ্ঠানের নিজস্ব ব্যবস্থাপনায় কিংবা Battery Disposal করিতে সক্ষম এইরূপ প্রতিষ্ঠানের সহিত চুক্তি থাকিতে হইবে।”
- (ট) টেবিল-২ এর দফা (ছ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (ছ) প্রতিস্থাপিত হইবে, যথা:-
- “(ছ) পরিবেশ বান্ধব গাড়ী উৎপাদনের লক্ষ্যে ন্যূনতম Euro 4 emission Standard অনুসরণ করিতে হইবে এবং সে লক্ষ্যে ব্র্যান্ড ম্যানুফ্যাকচারার এর প্রত্যয়ন থাকিতে হইবে, তবে, ইলেকট্রিক ভেহিক্যাল এর ক্ষেত্রে এই বিধান প্রযোজ্য হইবে না;”;
- (গ) অনুচ্ছেদ ১০ এ উল্লিখিত “Customs Act, 1969” এর পরিবর্তে “কার্টমস আইন, ২০২৩” প্রতিস্থাপিত হইবে।

২। এই প্রজ্ঞাপন ১ জুলাই, ২০২৫ খ্রিষ্টাব্দে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

( মোঃ আবদুর রহমান খান এফসিএমএ )  
সচিব